8-3(7)-3206    I 1157

1000Rs.




5.4.02

63.00
A 1386

Admissible under rule 21 ...
Stamped of 6(4) of L.R. Act under the
India Stamp Act-1898 corrected
upto 1974 Schedule IA No ... 23
...... Fees Paid ...... Rs. 979.00 / 7.00
Fees Rs ......
Additional District Sub Registrar
Sonarpur, South 24-Pgs
5.4.02
10.2.03

Stamp ... Realised
50 ... 62 dt-7-1-03 and
3462 F. T. dt-11-12 02

Additional Stamp duty Payable
Rs 12600 ... of the Amount Rs. 6300
Additional Fees payable Rs 2772 &
50 of the amount Rs 1386
Draft No 0136/64 Branch Fartabad
dt 10.2.03

Additional District Sub-Registrar
Sonarpur, South 24 Pgs.
10.2.03

-ঃ নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ঃ-

*********************************************

U/r-3(8) of the W. B. (Prevention of
under valuation of instruments) Rules
1994 Market value assessed at Rs......
3,42,000.00 and deficit stamp duty
of Rs. 12600.00 payable
6.1.02

Additional District Sub-Registrar
Sonarpur, South 24 Pgs.

থানা- সোনারপুর, মৌজা- বালিয়া,

জমি- ৩ কাঠা ০ ছটাক ০ বর্গফুট,

মূল্য - ৯০,০০০, নব্বই হাজার টাকা।

*********************************

42878
Smt Bharati Patra
Chatterjee Para, Garia Station Rd
Sonarpur 24 Pgs(S)

30.12.98

4.00
5.00
10

4510

5th April 2002
Sanatan Haldar

District Sub-Registrar, Sonarpur, South 24 Pgs 5-4-02

শ্রীসনাতন হালদার

Execution is admitted by
Sanatan Haldar
S/o Lt. Bhujangaram Haldar
of Garia Main Road
P.S. Sonarpur
Dist South 24 Pargs
by caste Hindu
by Prof. Business.
Kol-84

Identified by
Bishnu Pada Haldar
S/o Sanatan Haldar
of Garia
P.S. Sonarpur
South 24 Pargs
by caste Hindu
by Prof. Business.

Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Pgs
5-4-02



3872 শ্রীসনাতন হালদার

বিষ্ণু পদ হালদার
পিতা - শ্রী সনাতন হালদার
গড়িয়া
[illegible]

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रू. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

-ঃ ( ২ ) ঃ-

কোবালা গ্রহিত্রী ঃ- শ্রীমতী ভারতী পাত্র, স্বামী- শ্রী ফনীভূষণ পাত্র, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাং- গড়িয়া স্টেশন রোড (চ্যাটার্জ্জী বাগান, বারহাঁস ফরতাবাদ), থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা।

********************************************

কোবালা দাতা ঃ- শ্রী সনাতন হালদার, পিতা- মৃত দুক্ষুরাম হালদার, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাং- গড়িয়া মেইন রোড, থানা- সোনারপুর, পোঃ- গড়িয়া, কলকাতা- ৭০০ ০৮৪, জেলা- দক্ষিণ ২৪ পরগনা।

********************************************

1000Rs.




-: ( ৩ ) :-

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্নিত রায়ত দখলীয় স্বত্বীয় স্বত্বের খেরাজী, বাস্তু গৃহাদী সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দায় নির্দোষ, নির্গোল, পরিষ্কার ও মুক্তাবস্থায় ৩ কাঠা ০ ছটাক ০ বর্গফুট পরিমিত সম্পত্তি বিক্রয়ের কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা- মেদনমল্ল, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন মৌজা- বালিয়া গ্রামের জেঃ এলঃ নং- ৪৬, রেঃ সাঃ নং- ৩০, অত্র জেলা কালেকটারির মহাল ২৭৪ নং তৌজী ভুক্ত অধুনা ৪ নং বিধিমতে রায়ত দখলীয় স্বত্বীয় স্বত্বের রাজপুর সোনারপুর পৌরসভার অধিন

1000Rs.






১ নং ওয়ার্ডভুক্ত সাবেক জেলা জরিপের ১৪ নং খতিয়ান ভুক্ত ও সাবেক জেলা জরিপের ১৭৮ নং দাগের সম্পত্তি যাহা হাল রিভিসন্যাল জরিপের ৭৯ নং খতিয়ান ভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ১৯৬ নং দাগে বাস্তু গৃহাদি সহ ৮১ শতক সম্পত্তির মধ্যে সুরেন্দ্র নাথ মণ্ডল মহাশয়ের নাম বরাবর ॥. আট আনা অংশে ৪১ শতক ও মোহন লাল মণ্ডল মহাশয়ের নাম বরাবর ॥. আট আনা অংশে ৪০ শতক সম্পত্তি রেকর্ডভুক্ত থাকে। উক্ত সুরেন্দ্র নাথ মণ্ডল তাঁহার অংশের সম্পত্তি হইতে ৯ শতক জমি বারহাঁস ফরতাবাদ নিবাসী হরিপদ মণ্ডলের পুত্র শ্রী কানাইলাল মণ্ডলকে

500Rs.






বিক্রয় করিয়া স্বত্বত্যাগী ও দখলীচ্যুত হয়েন । উক্ত বিক্রয় কোবালাখানি মোকাম বারুইপুর সাব রেজিষ্ট্রী অফিসে বিগত ইংরাজী ৭/৪/১৯৬৫ সাল তারিখে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৫২ নং ভল্যুমের ২৭৪ হইতে ২৭৮ নং পাতায় নকলীকৃত ৩২৯২ নং বিক্রয় কোবালা রূপে ইংরাজী ১৯৬৫ সাল তারিখে রেজিষ্ট্রীকার্য্য সম্পন্ন হয় ।

অতঃপর উপরোক্ত কানাইলাল মণ্ডল মহাশয়ের খরিদা স্বত্বে কো-শেয়ারার অত্র দাতা আমি বিগত ইংরাজী ১৯৬৭ সালে ৬০ নং মানীজারি মোকদ্দমা বারুইপুর মুনসেফী আদালত হইতে যাহা মুল মোকদ্দমা ১৯৬৭ সালে ৪ নং মানিসুট মোকদ্দমা

10 Rs.




-ঃ ( ৬ ) ঃ-

দেওয়ানী কার্য্যবিধি আইনের অর্ডার ২১ নং রুল ৯৪ নং উপধারা অনযায়ী বারুইপুর ২য় মুনসেফী আদালতে দায়েরী করিয়াছিলাম। তাহা চূড়ান্তভাবে উক্ত আদালত কৃত ইংরাজী ১৯৬৮ সালের ৯ই এপ্রিল তারিখে আমার অনুকূলে রীতিমত রায় বহাল হইয়াছে। অতঃপর আমার শরিকদ্বয় শ্রী মোহন লাল মণ্ডল ও শ্রী শীতল চন্দ্র মণ্ডলের সহিত বিগত ইংরাজী ২৪/৩/১৯৬৯ সাল তারিখে আলিপুর ১ম সাবজজ আদালতে মাননীয় বিচারপতি সমীপে ৩২/১৯৬৯ নং পার্টিশান সুট মোকর্দ্দমা আনয়ন করিয়া তাহার চূড়ান্ত রায় দ্বারা উক্ত আদালতের ইংরাজী ৫/৮/১৯৭১ সাল তারিখে অত্র সম্পত্তি আমার অংশে নির্দিষ্ট হয়।

এমত প্রকারে আমি অত্র দাতা উক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া জমার বর্তমান মালিক সরকারে নিরূপিত খাজনাদি আদায় দিয়া ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় বর্তমান এল. আর. জরিপে নিজ নামে রেকর্ডভুক্ত করিয়া অদ্যাবধি অন্যের নিরাংশে নির্ব্বিবাদে খাসে নির্ব্যূঢ় স্বত্বে ভোগবান ও দখলীকার আছি ও হইতেছি। ইহাতে অপর কোন শরিক বা অংশীদার নাই। ইহা বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব আমার বিদ্যমান আছে ও হইতেছে।

এক্ষণে ন্যায় সঙ্গত ও বৈধ কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তি বিক্রয় করিবার জন্য প্রস্তাব ও প্রচার করিলে আপনি অত্র গ্রহিত্রী আমার প্রস্তাব ও প্রচারে সম্মত হইয়া বর্তমান দেশাচার বাজারের উচিত মূল্য স্বরূপ নিম্ন জায় মোতাবেক বেলামোক্তা ৯০,০০০্ নব্বুই হাজার টাকা আমাকে আদায় দিলে উক্ত অর্থ প্রাপ্ত হইয়া প্রাপ্তি স্বীকারে আপনার অনুকূলে অত্র বিক্রয় কোবালা লিখিয়া দিয়া স্বীকার, অঙ্গিকার করিতেছি যে :-

অদ্যকার তারিখ হইতে আমার সাবেক বহুতানাম খারিজ দিয়া আপনার নিজ নাম পত্তন ও নিরূপীত করাদি আদায় দানে দান, বিক্রয় প্রভৃতি যদৃচ্ছা কার্য্যের দ্বারা পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলবর্তী গনক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলবর্তী গনক্রমে কেহ কোনপ্রকার দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্ব্বত্র অগ্রাহ্য হইবেক।

আরও প্রকাশ থাকে যে, বিক্রীত জমি আমি ইতিপূর্বে অন্য কাহারও নিকট কোন প্রকার দান, বিক্রয় কিংবা বন্ধকাদির দ্বারা দায় সংযোগ করি নাই বা কোন মামলা মোকর্দ্দমার বিষয় নহে বা কাহারও নিকট কোনরূপ বায়না পত্র করি নাই, তাহা ভাগে ভাড়ায় বা লীজ বিলি নাই, তাহা দেবত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে, তাহা এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই, তাহা সম্পূর্ন নির্দায় নির্দোষ অবস্থায় আপনাকে সাফ বিক্রয় করিলাম ও দখল দিলাম।

যদি ভবিষ্যতে আমার এই সব উক্তির বিপরীত প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ব দখলের বাধা জন্মে বা ক্ষতি হয় তবে সেই সমস্ত বাধা বিঘ্ন জনিত ক্ষতি পূরন করিয়া দিতে বাধ্য রহিলাম। অত্র দলিলে যদি কোন অংশে ভুল থাকে তাহা বিনা পনে ভুল সংশোধন দলিল করিয়া দিতে আমি সহ ওয়ারিশান গনক্রমে বাধ্য ও দায়ি রহিলাম।

এতদার্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় স্বজ্ঞানে অন্যের বিনানুরোধে আপন খুশিতে পনের টাকা বুঝিয়া পাইয়া অত্র দলিলের সম্যক মর্ম্ম বুঝিয়া সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ


ইংরাজী ২০০২ সালের ২০ ফেব্রুয়ারী

মোতাবেক বাংলা ১৪০৮ সালের ৮ই ফাল্গুন

## -ঃ তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস-সোনারপুর এলাকাধীন পরগণা- মেদনমল্ল, মৌজা- বাল্যিয়া গ্রামের জেঃ এলঃ নং- ৪৬, রেঃ সাঃ নং- ৩০, অত্র জেলা কালেকটারীর মহাল ২৭৪ নং তৌজী ভুক্ত, অধুনা ৪ নং বিধিমতে রায়ত দখলীয় স্বত্বীয় স্বত্বের রাজপুর সোনারপুর পৌরসভার অন্তর্গত ১ নং ওয়ার্ডভুক্ত সাবেক জেলা জরিপের ১৪ চৌদ্দ নং খতিয়ান ভুক্ত, সাবেক জেলা জরিপের ১৭৮ এক শত আটাত্তর নং দাগে বাস্তু জমি যাহা হাল রিভিসন্যাল জরিপের ৭৯ উনআশি নং খতিয়ান ভুক্ত এক জমায় ৮১ শতক জমির কাত বার্ষিক খাজনা ৮্ টাকা জমার জমির মধ্যে হাল রিভিসন্যাল জরিপের ১৯৬ এক শত ছিয়ানব্বুই নং দাগে বাস্তু গৃহাদী সহ আমার অংশের ৯ শতক বা কমবেশী ৫ কাঠা ৮ ছটাক জমির মধ্যে আপনাকে আমার পূর্ব বিক্রীত ২ কাঠা ৮ ছটাক জমি বাদে বক্রী ৩ তিন কাঠা জমি অত্র দলিলে বিক্রয় করিলাম। বিক্রীত জমির বার্ষিক হারাহারি খাজনা ২০ পয়সা জমার বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিন সন সন আদায় দিতে হয়। উক্ত বিক্রীত সম্পত্তি বর্তমান এল. আর. জরিপের ৭৮ নং খতিয়ান ভুক্ত ১৫১ নং দাগের ৯ শতক সম্পত্তির মধ্যে পূর্ব বিক্রীত ২ কাঠা ৮ ছটাক জমি বাদে বক্রী ৩ তিন কাঠা সম্পত্তি মায় ১২০ বর্গফুট টালির ছাউনী বিশিষ্ট ছিটেবেড়া যুক্ত গৃহাদী সহ অত্র সংযুক্ত নকসায় লাল রং এর রেখার দ্বারা সীমাঙ্কিত ও নির্দেশিত সম্পত্তি অত্র

SITE PLAN OF MOUZA- BALIA, L NO-46, POR. OF DAG NO-196, P.S.-SONARPUR, DIST-24 PGS(SOUTH), UNDER:- RAJPUR- SONARPUR MUNICIPALITY. SCALE:- 1" = 33'-0" INCH. SHOWN IN RED □.



-ঃ ( ১০ ) ঃ-

বিক্রীত সম্পত্তি হইতেছে। অত্র দলিল সংযুক্ত নকসা অত্র দলিলের একাংশ হিসাবে সর্ব্বত্র গণ্য হইবেক।

## -ঃ চৌহদ্দি ঃ-

*************

উত্তর ঃ অত্র দাগের বক্রী সম্পত্তি।

দক্ষিণ ঃ অত্র দাগে ৫´-০´´ চওড়া কমন প্যাসেজ।

পূর্ব্ব ঃ অত্র দাগের জমি।

পশ্চিম ঃ আপনাকে পূর্ব্ব বিক্রীত সম্পত্তি ও সাধারনের রাস্তা।

## -ঃ টাকার জমা ঃ-

*************

অদ্যরোজ নোট ও নগদে প্রাপ্ত .................. ৯০,০০০ টাকা

মবলগে নব্বুই হাজার টাকা বুঝিয়া পাইলাম।

শ্রী ধনঞ্জয় হালদার

মুসাবিদাকারক ঃ-

শ্রী গগন চন্দ্র চ্যাটাজ্জী

শ্রী গগন চন্দ্র চ্যাটাজ্জী

দলিল লেখক

লাইসেন্স নং- ৩১/৯

সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস

দক্ষিণ ২৪ পরগণা।

অক্ষর বিন্যাস ঃ-

প্রদীপ বৈদ্য

(শ্রী প্রদীপ বৈদ্য)

সোনারপুর রামকৃষ্ণপল্লী,

(ব্যাঙ্ক প্লট), দক্ষিণ ২৪ পরগণা।

ইসাদি ঃ-

বিষ্ণুপদ হালদার

সাং ঐ

2. Tapas Dhar

Beghajatin